**কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ**
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন কক্সবাজার জেলার সদর উপজেলায়
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-০১ এর আওতায় ০৬ টি (কম/বেশী) ফ্ল্যাটের বরাদ্দ প্রদানের জন্য

# প্রসপেক্টাস ও আবেদনপত্র






কক্সবাজার বাংলাদেশের প্রধান পর্যটন নগরী। বর্তমানে বাংলাদেশের পরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া দ্রুত অগ্রসর হচ্ছে। এই ক্ষেত্রে কক্সবাজার জেলা পর্যটন ও বাণিজ্যিক এলাকা হওয়ায় এর ব্যাপকতা বিশাল। এই জেলার বৃহৎ জনগোষ্ঠি বিদেশে কর্মরত রয়েছে এবং বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা নিজেদের আত্মীয়স্বজনদের কাছে পাঠাচ্ছে। ফলে এই সকল লোকজনের উন্নতমানের সকল প্রকার নাগরিক সুবিধার প্রয়োজনে নিজ জেলা সদরে বাড়ী বানানোর প্রবণতা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। যদি কক্সবাজার জেলায় পরিকল্পিতভাবে লোকজন বসবাস করতে পারে তাহলে লোকজনের ঢাকা ও চট্টগ্রাম মুখী হওয়ার প্রবণতা কমে যাবে। এটা বাস্তবায়িত হলে এতদাঞ্চলের জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে এবং দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে। এছাড়া কক্সবাজারে অপরিকল্পিতভাবে বাড়ী নির্মাণ করার প্রবণতা বেশি হওয়ায় আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-১ একটি পরিকল্পিত মনোরম পরিবেশের মডেল হাউজিং এর উদাহরণ হিসেবে কাজ করবে যা পর্যটন শহর কক্সবাজারের সৌন্দর্য রক্ষায়ও ভূমিকা রাখবে। সেক্ষেত্রে ঢাকা ও চট্টগ্রাম শহরের উপর কিছুটা হলেও চাপ কমবে। যার প্রেক্ষিতে কক্সবাজার জেলায় একটি আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। সমুদ্র সৈকত থেকে ৫০০ মিটার দুরত্বে প্রকল্প এলাকা অবস্থিত।





প্রকল্পের লে-আউট প্ল্যান

## ২. প্রকল্পের সুবিধাসমূহ

- প্রশস্থ সড়ক
- ওয়াকওয়ে
- কিডস জোন
- লিফট ও জেনারেটর
- এসটিপি
- খেলার মাঠ
- মসজিদ
- সুপারশপ
- লন্ড্রি
- সেলুন ও ফার্মেসি
- কার ওয়াশ সুবিধা
- সিসিটিভি সম্বলিত নিরাপত্তা
- উন্নত ফায়ার ফাইটিং ব্যবস্থা
- সোলার সিস্টেম
- সুপেয় পানি সুবিধা
- সবুজায়ন

## Typical Floor Plan




### ফ্ল্যাটের আকার, মূল্য, সংখ্যা

| ক্রমিক নং | ফ্ল্যাটের আকার | প্রতি বর্গফুট মূল্য | সর্বমোট মূল্য (প্রতিটি) | সংখ্যা |
|---|---|---|---|---|
| A | ১৪৩৬ বর্গফুট | ৬৫০০/- | ৯৩৩৪০০০ | - |
| B | ১৪৩৬ বর্গফুট | ৬৫০০/- | ৯৩৩৪০০০ | ১ |
| C | ১৩০০ বর্গফুট | ৬৫০০/- | ৮৪৫০০০০ | ১ |
| D | ১৩০০ বর্গফুট | ৬৫০০/- | ৮৪৫০০০০ | ১ |
| E | ১১০৩ বর্গফুট | ৬৫০০/- | ৭১৬৯৫০০ | ৩ |
| F | ১১০৩ বর্গফুট | ৬৫০০/- | ৭১৬৯৫০০ | - |

❖ প্লিন্থ এরিয়া, অভ্যর্থনা কক্ষ, লবি, সিঁড়ি, লিফ্‌ট ও অন্যান্য যৌথ সুবিধাদি স্পেসের সমন্বয়ে ফ্ল্যাটের আকার নির্ধারণ করা হয়েছে।

❖ ভবিষ্যতে ফ্ল্যাট খালি হওয়া সাপেক্ষে ফ্ল্যাট এর সংখ্যা বাড়তে পারে।

❖ প্রকল্পের স্বার্থে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষণ করবে।

❖ ইউটিলিটি চার্জ বাবদ বাবদ ১,০০,০০০ লক্ষ টাকা প্রতিটি ফ্ল্যাটের মূল্যের সাথে এককালীন প্রদান করতে হবে।

## ১.০ : আবেদনকারীদের যোগ্যতা

১.১ : বিভিন্ন পেশার বাংলাদেশের নাগরিকগণ ৫০০/= (পাঁচশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে ক্রয়কৃত প্রসপেক্টাস এর সহিত নির্ধারিত ফরমে আবেদন করিতে পারিবেন। আল আরাফাহ ইসলামী ব্যাংকের কক্সবাজার শাখায় "Coxs-bazar Unnayon Kotripokkha Abasik Flat Unnayon Prokolpa-One" বরাবরে A/C. NO.: 0471220007061 এ অর্থ প্রদান করে এর প্রমাণক কর্তৃপক্ষের অফিসে দাখিলপূর্বক প্রসপেক্টাস সংগ্রহ করতে হবে।

১.২ : আবেদনকারী যদি নিজ নামে, স্ত্রী/ স্বামী/ সন্তান/ পোষ্য বা বেনামে কক্সবাজার পৌরসভার আওতাধীন এলাকার মধ্যে ইতোপূর্বে কোন সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইতে ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকেন তবে তিনি এই ফ্ল্যাট ক্রয়ের জন্য দরখাস্ত করিবার যোগ্য হইবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হইলে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল করা হইবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হইবে।

১.৩ : বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন এবং তাঁহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে হলফনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে "Coxsbazar Unnayon Kotripokkha Abasik Flat Unnayon Prokolpa-One" বরাবরে A/C. NO.: 0471220007061 হিসাবে SWIFT CODE: ALARBDDH069, AL ARAFAH ISLAMI BANK LIMITED. (COX'S BAZAR BRANCH), COX'S BAZAR, BAN-GLADESH মাধ্যমে ৪০ (চল্লিশ) মার্কিন ডলার জমা প্রদান সাপেক্ষে সংগ্রহ করিতে পারিবেন। অথবা প্রসপেক্টাস ও আবেদনপত্র কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট থেকে ডাউনলোড পূর্বক সংগ্রহ করিয়া আবেদনপত্রের সাথে ফরমের মূল্য বাবদ পৃথক ৪০ (চল্লিশ) মার্কিন ডলার জমা প্রদান করতে হবে। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট: www.coxda.gov.bd

## ২.০ : আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজ দাখিল সংক্রান্ত

২.১ : প্রয়োজনীয় কাগজপত্র দালিলাদি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ইত্যাদি আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে। অস্পষ্ট, অসম্পূর্ণ, ভুল/অসত্য তথা সম্বলিত আবেদনপত্র অথবা প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি আবেদনপত্রের সহিত সংযুক্ত করা না হইলে আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২.২ : আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলী ব্যাংক হইতে ৩,০০,০০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার। "Coxsbazar Unnayon Kotripokkha Abasik Flat Unnayon Prokolpa-One"A/C NO.: 0471220007061 হিসাব এর অনুকূলে জামানত হিসাবে AL ARAFAH ISLAMI BANK LIMITED জমা দিতে হইবে। যিনি ফ্ল্যাট বরাদ্দ পাইবেন তাঁহার জামানতের টাকা সংশ্লিষ্ট ফ্ল্যাটের মূল্য বাবদ পরিশোধযোগ্য সর্বশেষ কিস্তির টাকার সহিত সমন্বয় করা হইবে।

২.৩ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ ফ্ল্যাট ক্রয়ের জন্য আবেদন করিতে পারিবেন। তাহারা অবশ্যই সমপরিমান টাকা/ পাউন্ড স্টালিন/ আমে-রিকান ডলারে "Coxsbazar Unnayon Kotripokkha Abasik Flat Unnay-on Prokolpa-One" বরাবরে A/C. NO.: 0471220007061 হিসাবে SWIFT CODE: ALARBDDH069, AL ARAFAH ISLAMI BANK LIMIT-ED. (COX'S BAZAR BRANCH), COX'S BAZAR, BANGLA-DESH এর মাধ্যমে প্রদান করিবেন এবং তাহাদের ক্ষেত্রে জমাকৃত পে অর্ডার বাংলাদেশী যে কোন শাখায় Drawn on হতে হবে। তাহাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/ বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

২.৪ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ পাউন্ড স্টালিং/ আমেরিকান ডলার অথবা এফ সি একাউন্টস এর মাধ্যমে বাংলাদেশী মুদ্রায় ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। সরকার (এই ক্ষেত্রে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের) জমাকৃত অর্থ ফেরত দিলে উহা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস

পাইলে তাহা গ্রহণে সম্মত থাকিতে হইবে। অন্যথায় জামানতের টাকা জমাকৃত তারিখের মূল্যে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেওয়া হইবে।

২.৫ : যাহারা লটারীতে ফ্ল্যাট পাইবে না তাহাদের জমানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, কউক ভবন, সার্কিট হাউজ রোড, কক্সবাজার হইতে ফেরত দেওয়া হইবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হইবে না।

২.৬ : সকল আবেদনকারী তাহাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে পাইতে ইচ্ছুক তার একাউন্ট নম্বারে ব্যাংকের নাম ও ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে। যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাইবেন না অথবা ফ্ল্যাট পাইলে পরবর্তীতে গ্রহণ করিতে আগ্রহী নন তাহাদের জমানতের টাকা উক্ত ঠিকানায় আবেদন সাপেক্ষে প্রেরণ করা হইবে।

২.৭ : যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দ পাইবেন, তাহাদের প্রদত্ত জামানতের টাকা জমির মূল্যের সর্বশেষ এক/দুই কিস্তির সাথে সমন্বয় করা হইবে। আবেদন-কারীগণ যাহারা ফ্ল্যাট বরাদ্দ পাইলেও ফ্ল্যাট গ্রহণ করিতে অনিচ্ছুক, তাহারা জামানতের টাকার ফেরত চাহিয়া আবেদন করিলে আবেদন প্রাপ্তির অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে সুদবিহীন ফেরত দেওয়া হইবে।

## ৩.০ : মূল আবেদনের সহিত কাগজপত্রাদি

৩.১ : চাকুরীরত আবেদনকারীগণের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হইতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, বয়স) মাসিক মূল বেতন, মোট বেতন এবং চাকুরীতে বর্তমানে কর্মরত উল্লেখ পূর্বক সনদপত্র, অফিস প্রধান/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়ন পত্র দাখিল করিতে হইবে।

৩.২ : বেতনের আয় ছাড়া অন্য কোন বৈধ আয় থাকিলে উহার স্বপক্ষে প্রমাণাদি দাখিল করিতে হইবে।

৩.৩ : করযোগ্য আয় থাকিলে যাথাযথ কর্তৃপক্ষের নিকট হইতে আয়কর সার্টিফিকেট অথবা কর পরিশোধ সংক্রান্ত বিবরণীর সত্যায়িত অনুলিপি/ ফটোকপি প্রদান করিতে হইবে।

৩.৪ : সম্পূর্ণরূপে পূরণকৃত আবেদনপত্র।

৩.৫ : বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদপত্র/ এস.এস.সি/সমমানের পরীক্ষা পাশের সত্যায়িত সনদপত্র/ পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩.৬ : ইহা ছাড়াও কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের চাহিদানুযায়ী অন্যান্য পরিপূরক বা সম্পূরক সনদপত্রাদি/কাগজ পত্রাদি।

৩.৭ : বাংলাদেশী নাগরিকত্ব প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা/ ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগকি সনদপত্র।

## ৪.০ : কিস্তির পরিশোধ সংক্রান্ত

৪.১ : বরাদ্দ প্রাপক ফ্ল্যাটের মূল্য মোট ০৪ টি কিস্তিতে ০১ মাস অন্তরে পরিশোধ করবেন। সাময়িক বরাদ্দপত্র প্রদানের সময় বিস্তারিত পেমেন্ট শিডিউল প্রদান করা হবে।

৪.২ ফ্ল্যাটের মূল্য পেমেন্ট শিডিউল অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে "Coxsbazar Unnayon Kotripokkha Abasik Flat Unnayon Prokolpa-One" (A/C No. 0471220007061) বরাবরে সিডিউলভুক্ত ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট/এফডিডি/Wire Transfer/Swift Message/টি.টি, এর মাধ্যমে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক এর যেকোন শাখায় জমা দেয়া যাবে।

৪.৩ কিস্তির অর্থ যথাসময়ে প্রদানে ব্যর্থ হলে বকেয়া অর্থের ৯% হারে বিলম্ব ফি আরোপ করা হবে। যদি কোন বরাদ্দগ্রহীতা পরপর দুই কিস্তির অর্থ যথাসময়ে (বিলম্ব ফি সহ) প্রদানে ব্যর্থ হন তাহলে তাকে বিলম্ব-ফি সহ বকেয়া অর্থ পরিশোধের জন্য আরো ০২ (দুই) মাস সময় দেয়া হবে। উক্ত ০২ (দুই) মাসের মধ্যে যদি বরাদ্দগ্রহীতা বিলম্ব ফি সহ সমুদয় অর্থ প্রদানে ব্যর্থ হন তাহলে তার বরাদ্দ বাতিল করে নতুনভাবে বরাদ্দ দেয়া হবে এবং তার জমাকৃত অর্থেও ১০% এবং সকল প্রকার বিলম্ব ফি তার জমাকৃত অর্থ থেকে কর্তন করা হবে এবং অবশিষ্ট ফেরত প্রদানযোগ্য অর্থ বরাদ্দ বাতিলের ৬ (ছয়) মাসের মধ্যে ফেরত প্রদান করা হবে।

৪.৪ কর্তৃপক্ষ যৌক্তিক কারণ বিবেচনায় নিয়ে কোন বরাদ্দ গ্রহীতার উপর আরোপকৃত বিলম্ব ফি মওকূফ করতে পারবে।

৪.৫ : বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ আমেরিকান ডলারের মাধ্যমে ফ্ল্যাটের মূল্য পরিশোধ করিতে পারিবেন। যাহা "Coxsbazar Unnayon Kotripokkha Abasik Flat Unnayon Prokolpa-One" "বরাবরে SWIFT CODE: ALARBDDH069, AL ARAFAH ISLAMI BANK LIMITED. (COX'S BAZAR BRANCH), COX'S BAZAR, BANGLADESH এ জমা প্রদান করিতে হইবে।

৪.৬ : প্রকল্পের আওতায় কোন বরাদ্দ গ্রহীতাকে ফ্ল্যাট এর মূল্য/ ইউটিলিটি চার্জ বাবদ কোন প্রকার মূল্যছাড় প্রদান করা হবে না।

৪.৭ : বরাদ্দ প্রাপ্ত ব্যক্তি ফ্ল্যাট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপত্রের যে কোন শর্ত বা ধারা লঙ্ঘন করিলে বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাহাকে বিধি মোতাবেক উচ্ছেদ করা হইবে।

৪.৮ : ফ্ল্যাট গ্রহীতা প্রচলিত নিয়ম অনুসারে ফ্ল্যাটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আমমোক্তার) করিতে পারিবেন।

৪.৯ : বরাদ্দকৃত ফ্ল্যাটের বিপরীতে পরিশোধযোগ্য সমুদয় মূল্য পরিশোধের পূর্বে বরাদ্দ প্রাপক যদি কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এর নিকট বরাদ্দকৃত ফ্ল্যাট সমর্পণের জন্য লিখিত আবেদন করেন, সেক্ষেত্রে হালনাগাদ জমাকৃত সমুদয় টাকা/ডলার/ইউরো/পাউন্ড (বিনাসুদে) জমাকৃত মুল্যের ১০% কর্তন করিয়া অনধিক ০৬ (ছয়) মাসের মধ্যে বাকী মূল্য ফেরতসহ ফ্ল্যাট সমর্পণের জন্য সম্মতি দেয়া হবে।

## ৫.০ বরাদ্দগ্রহীতাদের ধরন

৫.১ : যে কোন পেশার মানুষ আবেদন করতে পারবে। বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কোন প্রকার কোটা অনুসরণ করা হবে না।

৫.২ কোন কারণে বরাদ্দ বাতিলের প্রেক্ষিতে নতুন করে ফ্ল্যাট বরাদ্দের প্রয়োজনীয়তা দেখা দিলে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি প্রকাশ করে লটারীর মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করিবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ ফ্ল্যাটের মূল্য নতুন করে নির্ধারণ করতে পারবে।

## ৬.০ : ইজারা দলিল (Lease Deed) সম্পাদন

৬.১ : বরাদ্দ প্রাপকের নিকট হইতে ফ্ল্যাটের মূল্যের ১০০% পাওয়ার পর এবং নির্মাণ কাজ সম্পূর্ণ রূপে সম্পন্ন হওয়ার পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটের দখল হস্তান্তর করা হইবে এবং সম্পূর্ণ কিস্তির টাকা পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশ্লিষ্ট অফিসের সহিত যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করিয়া লইবেন।

৬.২ : দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষণাবেক্ষনের দায় দায়িত্ব সয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকের এবং তাহার কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষণাবেক্ষনের ব্যবস্থা করিবেন। এছাড়াও সাব স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প ইত্যাদি কমন সার্ভিসেস সমূহ সমিতির নিকট হস্তান্তর করা হইবে এবং উহার যাবতীয় বিলসহ আনুষঙ্গিক রক্ষণাবেক্ষণ ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হইবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহণ করিতে হইবে। কর্তৃপক্ষ ফ্ল্যাটসমূহের পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এর জন্য একটি গাইডলাইন প্রণয়ন করবে।

৬.৩ : যে কোন ধরনের জটিলতা এবং আপত্তির ক্ষেত্রে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কর্তৃপক্ষ এই প্রসপেক্টাসের কিংবা এ অনুসারে প্রদত্ত বরাদ্দপত্রের কোন শর্ত/অনুচ্ছেদ সংশোধন, বর্জন কিংবা নতুন শর্ত/অনুচ্ছেদ সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

**চেয়ারম্যান**
কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ
কউক ভবন, সার্কিট হাউজ রোড কক্সবাজার

# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার

www.coxda.gov.bd

"কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প-০১" এর ফ্ল্যাট বরাদ্দের

1618

| আবেদনপত্রের ক্রমিক নং | | |
|---|---|---|
| | | |
| অফিস কর্তৃক পূরণ করা হইবে | | |

## আবেদন পত্র

২ কপি ছবি।

আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে ) ................................................................

বাংলায়:................................................................

ইংরেজীতে :................................................................

২। পিতা/স্বামীর নাম :................................................................

৩। মাতার নাম:................................................................

৪। জাতীয়তা :..................................জাতীয় পরিচয়পত্র নম্বর:..................................

৫। আবেদনকারীর জন্ম তারিখ :............................বয়স: ............................(বয়সের প্রমানপত্র সংযুক্ত করিতে হইবে)

৬। বর্তমান ঠিকানা :................................................................
..................................................................ফোন:..................................................................

৭। স্থায়ী ঠিকানা:................................................................
..................................................................ফোন:..................................................................

৮। পেশা:................................................................

ক) পদের নাম:..................................খ) সংস্থার নাম:..................................

ফোন:.................................. ই-মেইল:..................................

৯। নমিনীর নাম:..................................নমিনীর সাথে সম্পর্ক:..................................

১০। আবেদনকারীর নিজস্ব বাৎসরিক আয়ের পরিমাণ (টাকায়) : ..................................

১১। সরকারী/বেসরকারী / স্বায়ত্তশাসিত চাকুরীর ক্ষেত্রে :..................................

(ক) বেতন স্কেল:..................................

(খ) মূল বেতনসহ মাসিক মোট বেতন: ..................................

(গ) অন্যান্য উৎস হইতে বাৎসরিক আয়: ..................................

(আয়ের স্বপক্ষে প্রমাণপত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)

১২। আবেদনকৃত ফ্ল্যাটের আয়তন : ১৪৩৬/১৩০০/১১০৩ বর্গফুট (টিক চিহ্ন দিন)।

১৩। আবেদনকৃত ফ্ল্যাট বরাদ্ধ দেওয়া সম্ভব না হলে যে আকারের ফ্ল্যাট বরাদ্ধ পাইতে আগ্রহী:..................................

১৪। প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নং :...................... তারিখ:...................... (মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)

১৫। জামানতের টাকার পরিমাণ :..................................

(ক) ব্যাংকের নাম ও ঠিকানা:..................................

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : ............................তারিখ:..................................

১৬ । হলফনামার তারিখ :..................................

১৭। প্রসপেক্টাসে বর্ণিত চাহিনামতে সকল প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করিতে হইবে।

আমি অঙ্গিকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

আবেদনের তারিখ: .......................................... ..................................

আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ আবেদনপত্র পূরণ করার পূর্বে দয়া করিয়া প্রসপেক্টাস দেখিবেন।

পরিশিষ্ট-১

**৩০০/- টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে**
**"হলফ নামার নমুনা"**

ছবি

আমি,....................................................................................................................

পিতা/মাতাঃ ,..........................................................................................................

জন্মতারিখঃ .................... বয়স: ...................... পেশা: ...........................................

বর্তমানে: ,.............................................................................................................

ঠিকানায় বসবাসরত এবং আমার স্থায়ী ঠিকানা: .....................................................................

গ্রাম: ,....................................................................................................................

ডাকঘর: ,................................................................................................................

..............................................................................................................................

থানা: ,.....................................................................................................................

জেলা: ,....................................................................................................................

নাগরিকত্ব: ,.............................................................................................................

এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক ফ্ল্যাটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করিতেছি যে, কক্সবাজার পৌরসভার আওতাধীন আমার নিজের নামে/স্ত্রী/স্বামী/পোষ্যেও নামে বা বেনামে ইতিপূর্বে কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক হইতে কোন আবাসিক ফ্যাট বরাদ্ধ পাইনি। উপরোক্ত ঘোষণা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

..........................

হলফকারীর পূর্ন স্বাক্ষর

হলফকারীর আমার পরিচিত, তিনি আমার সম্মুখে স্বাক্ষর করিয়াছেন। আমি তাহার পরিচয় দানকারি।

.......................................          ..........................

নোটারী পাবলিক/ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট          এ্যাডভোকট



# কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

কউক ভবন, সার্কিট হাউস রোড, কক্সবাজার
ই-মেইল: coxda.flatproject1@gmail.com
ওয়েব: www.coxda.gov.bd